

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০৩৭.২২-৬৫

তারিখ: ০৭ মাঘ ১৪৩০
২১ জানুয়ারি ২০২৪


বিষয়: পাবনা জেলার সাঁথিয়া পৌরসভায় কর্মচারী নিয়োগের ছাড়পত্র প্রদানের প্রস্তাব এবং পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা বকেয়া থাকার অভিযোগ সংক্রান্ত।

সূত্র: ১. সাঁথিয়া পৌরসভা, পাবনা এর স্মারক নং-সাঁথিয়া/পৌঃ/২০২৩/৮৬৫; তারিখ: ১০ আগস্ট ২০২৩ খ্রি:।
২. সাঁথিয়া পৌরসভা, পাবনা এর স্মারক নং-সাঁথিয়া/পৌঃ/২০২৩/১৪৩৪; তারিখ: ২৬ ডিসেম্বর ২০২৩ খ্রি:।
৩. জনাব মনসুর আলম, সাঁথিয়া পৌরসভা সার্ভিস এ্যাসোসিয়েশন, সাঁথিয়া পৌরসভা ও সাবেক মেয়র ও কাউন্সিলরদের পক্ষে; তারিখ: ১৩ আগস্ট ২০২৩ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারকে পাবনা জেলার সাঁথিয়া পৌরসভায় ২০ জন কর্মচারী নিয়োগের লক্ষ্যে ছাড়পত্র প্রদানের প্রস্তাব দাখিল করা হয়। সূত্রস্ব ২নং স্মারকে পৌর ফান্ডে অর্থের সংকুলান না থাকায় উক্ত পৌরসভার মৃত গার্বের্জ ট্রাক চালক আমজাদ হোসেন এর বকেয়া বেতন-ভাতা, ভবিষ্য তহবিল ও আনুতোষিক পরিশোধ করা সম্ভব হয়নি মর্মে উল্লেখ করা হয়।

২। এছাড়া পাবনা জেলার সাঁথিয়া পৌরসভার মেয়র জনাব মোঃ মাহাবুবুল আলম (বাবু) ও নির্বাহী প্রকৌশলী জনাব মোঃ শাহীনুজ্জামান উক্ত পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা, বিদ্যুৎ বিল এবং বিএমডিএফ এর ঋণ বকেয়া রেখে মিথ্যা তথ্য প্রদান করে বেশকিছু কর্মচারী নিয়োগের জন্য ছাড়পত্র গ্রহণের প্রস্তাব প্রেরণ করা হয়েছে মর্মে অভিযোগ করে ছাড়পত্র প্রদান স্থগিত করে পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের বকেয়া বেতন-ভাতা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্ব ৩নং আবেদনে অনুরোধ জানানো হয়।

৩। এমতাবস্থায়, সাঁথিয়া পৌরসভার কর্মকর্তা/কর্মচারীদের বকেয়া বেতন-ভাতা, পিএফ ও জিএফ পরিশোধ করে প্রমাণক, পৌরসভার নামে প্রতিটি বৈদ্যুতিক সংযোগের বিপরীতে বিল পরিশোধপূর্বক বিদ্যুৎ অফিস কর্তৃক বিল পরিশোধের প্রত্যয়ন এবং বিএমডিএফ এর ঋণ পরিশোধপূর্বক বিএমডিএফ কর্তৃক ঋণ পরিশোধের প্রত্যয়ন এবং পৌরসভার রাজস্ব আয় বৃদ্ধির পর প্রমাণকসহ প্রয়োজনীয়তা সাপেক্ষে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদানের প্রস্তাব পুনরায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। একই সাথে পৌরসভায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের বকেয়া বেতন-ভাতা, পিএফ ও জিএফ দ্রুত পরিশোধ করা এবং করোনায় আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী কর্মচারী গার্বের্জ ট্রাক চালক জনাব আমজাদ হোসেন এর প্রাপ্য সকল পাওনাদি বিধি মোতাবেক জরুরি ভিত্তিতে পরিশোধ করে এ বিভাগ-কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মো: আব্দুর রহমান
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল-lgpaura1@lgd.gov.bd

মেয়র
সাঁথিয়া পৌরসভা, পাবনা

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. জেলা প্রশাসক, পাবনা
৪. উপসচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)